



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-১২৪২/ক/অনু./২০২৬/ ৯৪৩

তারিখ: ২৩/১০/২০২৬

বিষয়: উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রসঙ্গে।

সূত্র: ১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০৭.২১.২৪৮, তারিখ:- ১১/১০/২০২৬।
২) অধ্যক্ষ এর ১২/১০/২০২৬ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার সদর উপজেলাধীন “কালেক্টরেট স্কুল এন্ড কলেজ” গাজীপুর এ ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে উচ্চমাধ্যমিক পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় নিম্নোক্ত শর্ত ও বিষয়সমূহসহ পাঠদানের অনুমতি প্রদান করা হলো। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ	আবশ্যিক	মানবিক শাখা	ব্যবসায় শিক্ষা শাখা	বিজ্ঞান শাখা
১) মানবিক ২) ব্যবসায় শিক্ষা ৩) বিজ্ঞান	১) বাংলা ২) ইংরেজি ৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২) পৌরনীতি ও সুশাসন ৩) সমাজবিজ্ঞান ৪) অর্থনীতি	১) হিসাব বিজ্ঞান ২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৩) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ৪) ফিন্যান্স ব্যাংকিং ও বীমা ৫) কৃষি শিক্ষা	১) পদার্থ বিজ্ঞান ২) রসায়ন বিজ্ঞান ৩) জীব বিজ্ঞান ৪) উচ্চতর গণিত

শর্তসমূহ:

- এই অনুমতির মেয়াদ আগামী ০৩(তিন) বছর কার্যকর থাকবে;
- আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন-ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) নিজস্ব অর্থায়নে পরিচালিত হবে;
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বনুমতি ছাড়া উঠানো যাবে না;
- কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সব সময় জমা রাখতে হবে;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০২৪ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে;
- শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুসরণ করতে হবে;
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে;
- উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ০৩(তিন) মাসে গভর্নিং বডির নূন্যতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা- ২০২৪ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে;
- উপরোক্ত শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- প্রতিষ্ঠানের ধরণ: সহ-শিক্ষা, আসন সংখ্যা মানবিক- ১০০, জিপিএ-২.৭৫, বিজ্ঞান-১০০, জিপিএ-৩, ব্যবসায় শিক্ষা-৫০, জিপিএ-২.৭৫।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ-

প্রফেসর মুনসী হুমায়ুন কবির
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১২৪৭৬
ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, গাজীপুর [EIN: 139442]
গাজীপুর সদর, গাজীপুর।

মেমো নং- ৯৪৩ (৭)

তারিখ: ২৩/১০/২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- জেলা প্রশাসক, গাজীপুর।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- অফিস কপি

13/10/26
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

হুমায়ুন